গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.(মতামত-১).১৯-২০১ তারিখঃ ২৭ চৈত্র ১৪২৫ / ১০ এপ্রিল ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৩১২/২০১০ মামলার ৩১/০৩/২০১১ তারিখের রায়/আদেশ এবং আপিল পিটিশন নং-৩১৩/২০১৪ এর ১২/০৩/২০১৫ তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী কোমরাইল আর,ডি,পি,টি ফারুকীয়া দাখিল মাদ্রাসা, ডুমুরিয়া, খুলনা এর শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০১/০১/২০১০ হতে ৩১/১২/২০১৫ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ পরিশোধ সংক্রান্ত।

সূত্র: (১) বিজ্ঞ এ্যাডভোকেট, জনাব মুহাম্মদ তাজুল ইসলাম, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর ১৬/০৩/২০১৯ তারিখের Notice of Contmpt.
(২) জনাব মো: রিজাউল করিম, সুপার., কোমরাইল আর,ডি,পি,টি ফারুকীয়া দাখিল মাদ্রাসা, ডুমুরিয়া, খুলনা এর ১২/০৩/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদন এবং Notice of Contmpt এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন কোমরাইল আর,ডি,পি,টি ফারুকীয়া দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকে প্রকাশিত তালিকার ১০১ নং ক্রমিকে নির্বাচিত করা হয় (নির্বাচিত তালিকা প্রস্তাবের সাথে পাওয়া যায়নি)। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই মন্ত্রণালয়ের ৩১/৫/২০১০ তারিখে শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকে এমপিওভুক্তির জন্য প্রকাশিত তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাদ করা হয় (বাতিলকৃত তালিকা প্রস্তাবের সাথে পাওয়া যায়নি); ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপার, জনাব মো: রিজাউল করিম কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৫৩১২/২০১০ মামলা দায়ের করা হয়।

২। রিট পিটিশন নং-৫৩১২/২০১০ মামলায় বিগত ৩১/০৩/২০১১ তারিখে মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রায়/আদেশ'র অংশবিশেষ নিম্নরূপ-

" In the result. the Rule is made absolute. The impugned memo no শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ dated 31.05.2010 so far cancelling the name of the petitioner's Madrasha issued by the Senior Assistant Secretary, Section-13, Ministry of Education is hereby declared to have been made without any lawful authority and is of no legal effect".

৩। রিট পিটিশন নং-৫৩১২/২০১০ মামলার ৩১/০৩/২০১১ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনার বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩১৩/২০১৪ মামলা দায়ের করা হলে মাননীয় আপিল আদালত কর্তৃক বিগত ১২/০৩/২০১৫ খ্রি: তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-

"The leave petition is out of time by 1040 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. According, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায়/আদেশ বহাল রয়ে যায়।

৪। উক্ত আপিল মামলার রায়ের আলোকে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার রায় বাস্তবায়নের নিমিত্ত আরো অন্যান্য ০৩টি প্রতিষ্ঠানের সাথে বর্ণিত প্রতিষ্ঠানটির দাখিল স্তর এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর নির্দেশনা দিয়ে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় হতে ০৬/০৭/২০১৫ তারিখে ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৭.১৫.২৬৭ সংখ্যক স্মারকমূলে পত্র জারি করা হয়। তৎপ্রেক্ষিতে মাউশি অধিদপ্তর কর্তৃক জুলাই/২০১৫ মাসে আলোচ্য প্রতিষ্ঠানটি এমপিও তালিকাভুক্ত করা হয় এবং জানুয়ারি/২০১৬ মাস হতে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি (এমপিও) প্রদান করা হয়েছে মর্মে এমপিও সীট দেখা যায়।

৫। এক্ষণে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ০১/০১/২০১০ হতে ৩১/১২/২০১৫ তারিখ পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্তির জন্য আবেদন দাখিল করা হয়েছে। ইতোমধ্যে রিট পিটিশন নং-৫৩১২/২০১০ মামলার ৩১/০৩/২০১১ তারিখের রায়/আদেশ এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩১৩/২০১৪ মামলার ১২/০৩/২০১৫ তারিখে প্রদত্ত নির্দেশনার আলোকে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থ বছর থেকে বকেয়া প্রদানের কথা উল্লেখ করে বিজ্ঞ আইনজীবী কর্তৃক Notice of Contempt প্রেরণ করা হয়েছে।

৬। উল্লেখ্য, রিট পিটিশন নং-৫৩১২/২০১০ মামলার ৩১/০৩/২০১১ তারিখের রায় এবং সরকার পক্ষে দায়েরকৃত আপিল নং-৩১৩/২০১৪ মামলার গত ১২/০৩/২০১৫ খ্রি: তারিখের আদেশে বকেয়া প্রদানের কোন নির্দেশনা নেই।

৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫৩১২/২০১০ মামলার ৩১/০৩/২০১১ তারিখের রায় এবং সরকার পক্ষে দায়েরকৃত আপিল নং-৩১৩/২০১৪ মামলার গত ১২/০৩/২০১৫ খ্রি: তারিখের আদেশে বকেয়া প্রদানের নির্দেশনা না থাকায় কোমরাইল আর,ডি,পি,টি ফারুকীয়া দাখিল মাদ্রাসা, ডুমুরিয়া, খুলনা এর শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০১/০১/২০১০ হতে ৩১/১২/২০১৫ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের সুযোগ নেই মর্মে বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

১০/০৪/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৮৬৫৮৩।

জনাব মো: রিজাউল করিম
সুপারিনটেনডেন্ট
কোমরাইল আর,ডি,পি,টি ফারুকীয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর-কোমরাইল, উপজেলা-ডুমুরিয়া, জেলা- খুলনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। জনাব মুহাম্মদ তাজুল ইসলালম, বিজ্ঞ এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-১৪২ (নীচতলা), সুপ্রীম কোর্ট বার এ্যাসোসিয়েশন ভবন, ঢাকা।
৬। অফিস কপি/মাস্টার কপি।